

সাজেকের আগুন নিয়ন্ত্রণে

- A Monitor Desk Report

Date: 24 February, 2025



রাঙ্গামাটি: জেলার বাঘাইছড়ি উপজেলার অন্তর্গত সাজেক ভ্যালি পর্যটনকেন্দ্রের আগুন নিয়ন্ত্রণে এসেছে।

সোমবার (২৪ ফেব্রুয়ারি) সাড়ে ১২টার দিকে সাজেক ভ্যালিতে আগুন লাগে। বিকেল আনুমানিক সাড়ে ৪টার দিকে আগুন কিছুটা নিয়ন্ত্রণে আসে।

সাজেক রিসোর্ট ও কটেজ মালিক সমিতির সাংগঠনিক সম্পাদক রাহুল চাকমা জন বলেন, আগুন এখন নিয়ন্ত্রণে এসেছে। এখনো পুরোপুরি নেভেনি। স্থানীয়দের আগুন নিয়ন্ত্রণের কাজে যোগ দিয়েছে ফায়ার সার্ভিসও।

বাঘাইছড়ির উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) শিরীন আক্তার বলেন, সাজেক ভ্যালির আগুন কিছুটা নিয়ন্ত্রণে এসেছে। বিমানবাহিনীর হেলিকপ্টার আনা হচ্ছে। বিকেল সাড়ে ৫টার দিকে হেলিকপ্টার পৌঁছাতে পারে। আগুনের ঘটনায় কটেজ-রিসোর্ট, বসতঘর, দোকানপাটসহ ৫০-৬০টির মতো স্থাপনা পুড়ে গেছে।

সাজেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান দুলাল চাকমা বলেন, 'দুপুরের প্রচণ্ড রোদ ও বাতাসের কারণে আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। সাজেকে কোনো ফায়ার সার্ভিস স্টেশন না থাকায় পরিস্থিতি ভয়াবহ রূপ নেয়। আগুনের লেলিহান শিখায় বসতবাড়িসহ আশপাশের বিভিন্ন স্থাপনা পুড়ে গেছে।

রাঙ্গামাটির জেলাপ্রশাসক (ডিসি) মোহাম্মদ হাবিব উল্লাহ বলেন, যতটুকু জানা গেছে, বৈদ্যুতিক শটসার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে শুনছি। তবে সেটি পরে তদন্ত সাপেক্ষে জানা যাবে। এখন আমরা আগুন নেভানোর কাজ করছি, যেহেতু সন্ধ্যা হয়ে আসছে। ফায়ার সার্ভিসের সঙ্গে স্থানীয়রা, সেনাবাহিনী, পুলিশ, বিজিবি একসঙ্গে আগুন নেভানোর কাজ করছে। হেলিকপ্টারের ব্যবস্থা করা হচ্ছে।

